

চবির 'ডি' ইউনিটের ভর্তি পরীক্ষার ফল স্থগিত

চবি প্রতিনিধি

৩১ অক্টোবর ২০১৯ ০০:০০ | আপডেট: ৩১ অক্টোবর ২০১৯ ০২:০৬



সত্য বার্তা

আমাদের সমস্যা

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) সমাজবিজ্ঞান অনুষদভুক্ত 'ডি' ইউনিটের ফল স্থগিত করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। ন্যাশনাল কারিকুলামের শিক্ষার্থীদের প্রশ্নপত্র প্রণয়নে 'টেকনিক্যাল সমস্যার' কারণ দেখিয়ে এ সিদ্ধান্ত নেওয়া হয়। ৬ নভেম্বর পুনঃপরীক্ষা নেওয়া হবে। একই দিন সমন্বিত ফল ঘোষণা করা হবে।

জানা যায়, 'ডি' ইউনিটের ভর্তি পরীক্ষায় কারিগরি ত্রুটির কারণে এনসিটিবি মাধ্যমের প্রশ্ন না ছাপানোয় প্রায় ৩০০ শিক্ষার্থীর ফল প্রকাশ নিয়ে জটিলতা তৈরি হয়। যার কারণে গত মঙ্গলবার ফল জানাতে পারেনি কর্তৃপক্ষ।

এ বিষয়ে 'ডি' ইউনিট প্রধান ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষা অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. আবদুল্লাহ আল ফারুক বলেন, ছোট একটি কারিগরি ত্রুটির কারণে ফল দেওয়া সম্ভব হয়নি। শুধু ইংরেজি মাধ্যমের ন্যাশনাল কারিকুলামের শিক্ষার্থীদের ক্ষেত্রে এ সমস্যা হয়েছে। আমরা তাদের পুনঃপরীক্ষা আগামী ৬ নভেম্বর নিয়ে সমন্বিত ফল ঘোষণা করব। এ কারিকুলামের শিক্ষার্থীদের সংখ্যা প্রায় ৩০০ বলেও তিনি জানান।

গত সোমবার 'ডি' ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হয়। এতে ১ হাজার ১৫৭টি আসনের বিপরীতে ৫২ হাজার ৯১৭ জন পরীক্ষা দেন। আর এ ইউনিটের অধীন সমাজবিজ্ঞান অনুষদভুক্ত ৯টি বিভাগসহ আছে আইন অনুষদের অধীনে থাকা আইন বিভাগ, ব্যবসায় প্রশাসনের অনুষদের সব বিভাগ, জীববিজ্ঞান অনুষদের ভূগোল ও পরিবেশবিদ্যা এবং মনোবিজ্ঞান বিভাগ।

advertisement